৭ জুলাই, ২০২৬

# স্বাস্থ্যসেবা প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার: জুবাইদা রহমান



জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

স্বাস্থ্যসেবা প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার হিসেবে নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।

মঙ্গলবার (৭ জুলাই) রাজধানীর গুলশানে অনুষ্ঠিত এক কর্মশালায় তিনি বলেন, দেশে চিকিৎসা ব্যয়ের বড় একটি অংশ সাধারণ মানুষকে নিজের পকেট থেকেই বহন করতে হয়। এতে বহু পরিবার আর্থিক সংকটে পড়ছে। এ পরিস্থিতি থেকে উত্তরণে সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি।

অনুষ্ঠানে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জানান, চিকিৎসা সরঞ্জাম উৎপাদনে দেশীয় বিনিয়োগ বাড়াতে চলতি বাজেটে বিভিন্ন প্রণোদনার ব্যবস্থা রাখা হয়েছে।

একই অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, দেশের গ্রামীণ জনগোষ্ঠীর কাছে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার মাঠপর্যায়ে কার্যক্রম এগিয়ে নিচ্ছে।

LENS ASIA